



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১২৮৮৩৫১/ঠাকুরগাঁও-৫৮/ ১১০৭/৪

তারিখ: ৩.১০.২০১৯খ্রি.

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলাধীন আসলে উদ্দিন প্রধান সিনিয়র (আলিম) মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি জনাব মো: জয়নাল আবেদীনের বিরুদ্ধে অভিভাবক সদস্য জনাব মো: লুৎফর রহমান অত্র বোর্ডে একটি অভিযোগ করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন, গভার্ণিং বডির সভাচলাকালীন সভাপতি জনাব মো: জয়নাল আবেদীন তাকে অকথ্য ভাষায় গালিগালাজ ও অসৌজন্যমূলক আচরণ করেন। পরবর্তীতে সভাপতি পুনরায় বিগত ২৮/০৬/২০১৯ খ্রি. তারিখে কাঠালডাঙ্গী বাজারে আকস্মিকভাবে জনতার সামনে তাকে লাঞ্চিত ও প্রাণনাশের হুমকি প্রদান করেন। এলাকাস্বাসীর সহায়তায় সেখান থেকে তাকে উদ্ধার করা হয়। উল্লেখ্য, গভার্ণিং বডির অন্য একজন অভিভাবক সদস্য মো: ইমরান আলী কর্তৃক সভাপতির বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন দাখিল করা হয়েছে। যার ফলে কমিটির কার্যক্রম স্থগিত রয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (১..) পাতা।

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১২৮৮৩৫১/ঠাকুরগাঁও-৫৮/ ১১০৭/৪

তারিখ: ৩.১০.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও;
৩. সভাপতি, আসলে উদ্দিন প্রধান সিনিয়র (আলিম) মাদ্রাসা, হরিপুর, ঠাকুরগাঁও;
৪. সুপার, আসলে উদ্দিন প্রধান সিনিয়র (আলিম) মাদ্রাসা, হরিপুর, ঠাকুরগাঁও;
৫. জনাব মোঃ লুৎফর রহমান (অভিযোগকারী), গ্রাম: টেংরিয়া (গবিন্দপুর), ডাকঘর: কাঠালডাঙ্গী, উপজেলা: হরিপুর, জেলা: ঠাকুরগাঁও;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪